

ত্রয়োদশ অধ্যায়: নেলসন ম্যান্ডেলা

প্রশ্ন-ক. ম্যান্ডেলা কত খ্রিষ্টাব্দে নোবেল শান্তি পুরস্কার পান? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: ১৯৯৩ খ্রিষ্টাব্দে জাতিগত বৈষম্য দূরীকরণ এবং গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য নেলসন ম্যান্ডেলা নোবেল শান্তি পুরস্কার লাভ করেন।

প্রশ্ন-খ. নিষেধাজ্ঞা তুলে কত সালে ম্যান্ডেলাকে মুক্তি দেওয়া হয়?

উত্তর: ১৯৯০ খ্রিষ্টাব্দে প্রেসিডেন্ট এফ.ডব্লিও ডি. ক্লার্ক নিষেধাজ্ঞা তুলে নেলসন ম্যান্ডেলাকে মুক্তি দেন।

প্রশ্ন-গ. ত্বকচ্ছেদ কীসের বহিঃপ্রকাশ?

উত্তর: ত্বকচ্ছেদ ছিল “বালকত্ব” থেকে প্রাপ্তবয়সে প্রবেশের বহিঃপ্রকাশ।

প্রশ্ন-ঘ. নেলসন ম্যান্ডেলার জীবনী থেকে আমরা কোন শিক্ষাটি পাই?

উত্তর: নেলসন ম্যান্ডেলার জীবনী থেকে আমরা নিপীড়ন ও শোষণের বিরুদ্ধে প্রতিবাদী হওয়ার শিক্ষা পাই।

Teachingbd.com